# মহিলা বিষয়ক অধিদপ্তরের শিবচর উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব ফাহিমা আক্তার
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, শিবচর,মাদারীপুর।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, শিবচর, মাদারীপুর।

তারিখঃ..২৯/১১/২১.......  সময় ঃ বেলা ১২.০০ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর রেজিষ্টারে সংরক্ষিত ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ সুরাব উদ্দিন মাতুব্বর | চেয়ারম্যান, শিরুয়াইল ইউপি | স্বাক্ষরিত |
| ২ | জনাব মনোয়ারা বেগম | চেয়ারম্যান ,দ্বিতীয়খন্ড ইউপি | স্বাক্ষরিত |
| ৩ | জনাব মোঃ আসাদুজ্জামান খোকন | চেয়ারম্যান, বাঁশকান্দি ইউপি | স্বাক্ষরিত |
| ৪ | জনাব বাবুল ফকির | চেয়ারম্যান, শিবচর ইউপি | স্বাক্ষরিত |
| ৫ | জনাব.................... | কো-অপ্ট সদস্য ইউপি | স্বাক্ষরিত |
| ৬ | হামিদা খাতুন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শিবচর,মাদারীপুর। | স্বাক্ষরিত |

সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি ভালোভাবেই চলছে উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

তিনি জানান বর্তমানে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় শিবচরে মোট ৩টি ( সেলাই,বিউটিফিকেশন, ফ্যাশন ডিজাইন) বিষয়ে প্রশিক্ষণ চলছে। তিনি আরও জানান প্রশিক্ষণার্থীরা যদি সঠিকভাবে প্রশিক্ষণ গ্রহণ করে এবং যদি তা কাজে লাগায় তাহলে অনেকের বেকার সমস্যার সমাধান হবে এবং তাদের স্বাবলম্বী হওয়ার পথ তৈরি হবে।

তিনি জানান দরিদ্র মা ও শিশুর উন্নত পুষ্টি, মাতৃমৃত্যু ও শিশু মৃত্যু হার রোধে শিবচর উপজেলায় ২০২০-২১ও ২০২২-২৩ অর্থবছরে শিবচর পৌরসভাসহ মোট ৪৫৩৮ জন কে মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় মাতৃত্বকালীন উপকারভোগীকে ভাতা প্রদান করা হচ্ছে। যারা মাসিক ৮০০/-( আটশত টাকা) হারে ভাতা ও প্রশিক্ষণ সুবিধা পাচ্ছেন।

তিনি আরও জানান দুস্থ মহিলা উন্নয়ন ভিজিডি কর্মসূচীর আওতাধীন শিবচর উপজেলায় ২০২১-২২ অর্থবছরে ২১৯৬ জন ভিজিডি উপকারভোগী রয়েছে যারা মাসিক ৩০ কেজি হারে খাদ্য সহায়তা পাচ্ছে। ২০২১-২২ অর্থবছর শেষে উল্লেখিত ভিজিডি উপকারভোগী হতে আইসিভিজিডি কর্মসূচীর আওতায় ২০২২-২৩ অর্থবছরে ১৭০০ জন উপকারভোগীকে নির্বাচন করা হয়েছে। এখানে উল্লেখ্য যে শিবচর উপজেলায় ১৯ টি ইউনিয়ন অধ্যুষিত একটি

জনবহুল এলাকা। এখানকার দরিদ্র লোকসংখ্যার তুলনায় ভিজিডি কার্ডসংখ্যা অনেক কম। আগামী ২০২২-২৩ ভিজিডি চক্রে যদি কার্ড বরাদ্দ বাড়িয়ে দেওয়া হয় তাহলে আরও হতদরিদ্র মানুষকে ভিজিডি কর্মসূচীর আওতায় অর্ন্তভূক্ত করে তাদের দরিদ্র দূরীকরণ করে স্বাবলম্বী করা যাবে। তিনি আরও জানান বর্তমানে মহিলা বিষয়ক অধিদপ্তর শিবচর কার্যালয়ের অফিস ব্যবস্থাপনা কার্যক্রম দুটি কক্ষে পরিচালনা করা কষ্টসাধ্য। তাই অত্র কার্যালয়ের জন্য নূনতম ৪টি কক্ষ বরাদ্দের জন্য অনুরোধ করেন। এ ব্যাপারে সকল ইউপি চেয়ারম্যানগণ একমত প্রকাশ করেন।

সভাপতি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের সকল কার্যক্রম সর্ম্পকে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন প্রশিক্ষণ কার্যক্রমসহ সামাজিক নিরাপত্তা বেষ্টনিমূলক যত কার্যক্রম আছে তা যদি সঠিকভাবে বাস্তবায়িত হয় তাহলে জনগণ নিঃসন্দেহে উপকৃত হবে। তিনি মহিলাদের উন্নয়নে অত্র কার্যালয়ের সকল প্রকার কাজ সঠিকভাবে বাস্তবায়নের জন্য সহযোগীতা প্রদানের প্রতিশ্রুতি প্রদান করেন এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে তার সকল কাজ সঠিকভাবে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্ব সম্মতিক্রম নিম্মোক্ত সুপারিশ সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদ কমিটি বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ

০১। অত্র কার্যালয় পরিচালনার জন্য ৪টি (চার) কক্ষ বরাদ্দের জন্য সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ কমিটি বরাবরে সুপারিশ প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়

০২। অত্র কার্যালয়ের ভিজিডি, মাতৃত্বকালীন ভাতা, ক্ষুদ্রঋণ, প্রশিক্ষণ, বাল্যবিবাহ প্রতিরোধসহ সকল কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের জন্য সকলের সহযোগীতা প্রাপ্তির লক্ষ্যে সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ কমিটি বরাবরে সুপারিশ প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

(ফাহিমা আক্তার)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও সভাপতি
মহিলা বিষয়ক অধিদপ্তরের উপজেলা পরিষদের স্থায়ী
কমিটি, শিবচর, মাদারীপুর।

স্মারক নং-৩৪.০১.৫৪৮৭.০০০.০৬.০৪০.১৪ – ৮০ তারিখঃ ২৩/১২/২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর,মাদারীপুর।

২। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর,মাদারীপুর।

৩। জনাব.....................................................চেয়ারম্যান...............................ইউপি ও সদস্য

৪। অফিস নথি ।

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ সুরাব উদ্দিন মাতুব্বর | চেয়ারম্যান, শিরুয়াইল ইউপি | |
| ২ | জনাব মনোয়ারা বেগম | চেয়ারম্যান ,দ্বিতীয়খন্ড ইউপি | |
| ৩ | জনাব মোঃ আসাদুজ্জামান খোকন | চেয়ারম্যান, বাঁশকান্দি ইউপি | |
| ৪ | জনাব বাবুল ফকির | চেয়ারম্যান, শিবচর ইউপি | |
| ৫ | জনাব.................... | কো-অপ্ট সদস্য ইউপি | |
| ৬ | মোঃ আঃ সালাম সিদ্দিকী | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শিবচর,মাদারীপুর। | |

(মোঃ আঃ সালাম সিদ্দিকী)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
শিবচর,মাদারীপুর।